# মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

www.dhakaeducationboard.gov.bd

## এসএসসি পরীক্ষা ২০২৫-এর ফল পুনঃনিরীক্ষণের নিয়মাবলি

## আবেদন করার সময়: ১১/০৭/২০২৫ খ্রি. থেকে ১৭/০৭/২০২৫ খ্রি. পর্যন্ত

শুধু টেলিটক প্রি-পেইড সিম মোবাইল ফোন থেকে পুনঃনিরীক্ষণের আবেদন করা যাবে। আবেদন করতে মোবাইলের Message অপশনে গিয়ে RSC <Space> বোর্ডের নামের প্রথম তিন অক্ষর <Space> রোল নম্বর <Space> বিষয় কোড লিখে Send করুন 16222 নম্বরে।

উদাহরণ: ঢাকা বোর্ডের কোন পরীক্ষার্থীর রোল নম্বর 123456 এবং গণিত-এর আবেদন করতে চাইলে Message অপশনে RSC Dha 123456 109 লিখে send করুন 16222 নম্বরে। ফিরতি এসএমএস-এ আবেদন বাবদ কত টাকা কেটে নেওয়া হবে তা জানিয়ে একটি PIN প্রদান করা হবে। এতে সম্মত থাকলে Message অপশনে গিয়ে RSC <Space> Yes <Space> PIN <Space> Contact Number (যে কোন মোবাইল অপারেটর) লিখে send করুন 16222 নম্বরে।

উল্লেখ্য পুনঃনিরীক্ষণের ক্ষেত্রে একই এসএমএস এর মাধ্যমে একাধিক বিষয়ের জন্য আবেদন করা যাবে। সেক্ষেত্রে কমা দিয়ে বিষয় কোডগুলো আলাদা করে লিখতে হবে। যেমন, বাংলা ও ইংরেজি দুটি বিষয়ের জন্য আপনার টেলিটক প্রি-পেইড সিম মোবাইলের Message অপশনে গিয়ে RSC <Space> Dha < Space> Roll Number <Space>101, 102, 107, 108 লিখতে হবে। এক্ষেত্রে প্রতিটি পত্রের জন্য ১৫০/- (একশত পঞ্চাশ) টাকা হারে ফি প্রযোজ্য হবে।

১০/০৭/২০২৫

প্রফেসর এস এম কামাল উদ্দিন হায়দার
পরীক্ষা নিয়ন্ত্রক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা